# এমপিওভুক্ত শিক্ষকদের বাড়ি ভাড়া বাড়লো ৫০০ টাকা, প্রত্যাখান

## শিক্ষক নেতাদের আন্দোলনের কর্মসূচি ঘোষণা

**সংবাদ অনলাইন রিপোর্ট** : রোববার, ০৫ অক্টোবর ২০২৫



ছবি: ইন্টারনেট থেকে সংগৃহীত

এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীদের বাড়ি ভাড়া ৫০০ টাকা বাড়িয়েছে সরকার। তবে তা প্রত্যাখ্যান করে আন্দোলনের ঘোষণা দিয়েছে এমপিওভুক্ত শিক্ষা জাতীয়করণ প্রত্যাশী জোট। শিক্ষকদের বাড়ি ভাড়া ১০০০ টাকা থেকে ১৫০০ টাকা করে আদেশ জারি করেছে অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ।

শিক্ষকরা ৫০০ টাকা বাড়ি ভাড়া বৃদ্ধির ঘোষণাকে প্রত্যাখ্যান করে মূল বেতনের ২০ শতাংশ হারে বাড়ি ভাড়া এবং চিকিৎসা ভাতা ৫০০ টাকা থেকে বাড়িয়ে ১৫০০ টাকা করার দাবি জানিয়েছেন। এ দাবিতে আগামী

১২ অক্টোবর থেকে জাতীয় প্রেসক্লাবের সামনে লাগাতার অবস্থান কর্মসূচি পালনের ডাক দিয়েছেন।

গত ৩০ সেপ্টেম্বর তারিখে জারি করা ওই আদেশে অর্থ বিভাগ থেকে বলা হয়েছে, প্রশাসনিক মন্ত্রণালয়ের আদেশ জারির মাধ্যমে এ ভাতা কার্যকর হবে। এ ভাতা শিক্ষকদের পরিশোধে যাবতীয় আর্থিক বিধি-বিধান অনুসরণ করতে হবে। ভাতাসংক্রান্ত ব্যয়ে ভবিষ্যতে কোনো অনিয়ম দেখা দিলে বিল পরিশোধকারী কর্তৃপক্ষ তার জন্য দায়ী থাকবেন।

গত ৭ আগস্ট শিক্ষা উপদেষ্টার দপ্তর থেকে পাঠানো প্রস্তাবে পরিপ্রেক্ষিতে শিক্ষকদের বাড়ি ভাড়া ভাতা বাড়িয়ে আদেশটি জারি করেছে অর্থ বিভাগ।

অর্থ বিভাগের প্রবিধি অনুবিভাগের উপসচিব মোছা. শরীফুন্নেসা জানান, এমপিওভুক্ত (মান্থলি পেমেন্ট অর্ডার) শিক্ষকদের বাড়ি ভাড়া ভাতা ১০০০ থেকে ১৫০০ টাকা নির্ধারণ করে আদেশ জারি করে তা শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এবং কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগে পাঠানো হয়েছে।

এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীরা জাতীয় বেতন স্কেল অনুযায়ী বেতন পান। তারা মূল বেতনের সঙ্গে মাসে ৫০০ টাকা চিকিৎসা ভাতা পান। আর ১০০০ টাকা বাড়ি ভাড়া ভাতা পেতেন, যা বাড়িয়ে ৫০০ টাকা করা হলো।

এমপিওভুক্ত শিক্ষকর আগে বছরে ২৫ শতাংশ হারে দুইটি উৎসব ভাতা পেতেন। গত মে মাসে সেই ভাতা বাড়ানোর পর শিক্ষক ও এমপিওভুক্ত কর্মচারীরা মূল বেতনের ৫০ শতাংশহারে উৎসব ভাতা পাচ্ছেন। এছাড়া এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীরা বছরে একবার মূল বেতনের ২০ শতাংশ হারে বৈশাখী ভাতাও পান।

শিক্ষা ব্যবস্থা জাতীয়করণের দাবিতে গত ১৩ আগস্ট জাতীয় প্রেসক্লাবের সামনে অবস্থান নিয়ে সমাবেশ করেন এমপিওভুক্ত শিক্ষকরা। পরে

শিক্ষকদের ১২ সদস্যের প্রতিনিধিদল সচিবালয়ে গিয়ে শিক্ষা উপদেষ্টা চৌধুরী রফিকুল আবরারে সঙ্গে সাক্ষাৎ করেন। সেখানে তারা শিক্ষক-কর্মচারীদের শতকরা হারে মূল বেতনের কমপক্ষে ২০ শতাংশ বাড়ি ভাড়া দেয়ার দাবি জানান।

ওই প্রতিনিধিদলের নেতৃত্ব দেয়া এমপিওভুক্ত শিক্ষা জাতীয়করণ প্রত্যাশী জোটের সদস্য সচিব অধ্যক্ষ দেলাওয়ার হোসেন আজিজী রোববার,(০৫ অক্টোবর ২০২৫) সাংবাদিকদের বলেন, ৫০০ টাকা বাড়ি ভাড়া ভাতা বৃদ্ধি তারা প্রত্যাখ্যান করেছেন। তারা কমপক্ষে মূল বেতনের ২০ শতাংশ হারে বাড়ি ভাড়া চান। পাশাপাশি তারা চিকিৎসাভাতা ৫০০ টাকা থেকে বাড়িয়ে ১৫০০ টাকা এবং এমপিওভুক্ত কর্মচারীদের উৎসব ভাতা মূল বেতনের ৫০ শতাংশ থেকে বাড়িয়ে ৭৫ শতাংশ করার দাবি জানিয়েছেন।

তাদের দাবি মানা হয়নি জানিয়ে আজিজী বলেন, তাই তাদের পূর্ব ঘোষণা অনুযায়ী আগামী ১২ অক্টোবর থেকে জাতীয় প্রেসক্লাবের সামনে লাগাতার অবস্থান কর্মসূচি পালনের সিদ্ধান্ত নেয়া হয়েছে।

এমপিওভুক্ত শিক্ষা জাতীয়করণ প্রত্যাশী জোটের সদস্য সচিব শিক্ষক নেতা আরও বলেন, শিক্ষা উপদেষ্টা গত ১৩ আগস্ট তাদের বলেছেন, তারা বাড়ি ভাড়া মাসিক ১০০০ থেকে

২০০০ টাকা করা এবং চিকিৎসা ভাতা ৫০০ টাকা থেকে ১০০০ টাকা করতে অর্থ মন্ত্রণালয়ে চিঠি পাঠিয়েছেন। কিন্তু শিক্ষকরা তা মানেনি। পরে শিক্ষা উপদেষ্টা মূল বেতনের শতকরা হারে বাড়ি ভাড়া দিলে কত টাকা খরচ হবে সে হিসাব শিক্ষকদের দিতে বলেছিলেন, ওই সময় শিক্ষকরা সেই হিসাব উপদেষ্টার কাছে দিয়েছিলেন বলেও জানান আজিজী।